ই-অকশন কর্মসূচীতে সংশোধনী নং ১। সেপ্টেম্বর, ২০১৯ মাসের জন্য বর্তমানে নির্ধারিত শিডিউলের অতিরিক্ত হাওড়া এবং শিয়ালদহ ডিভিসনের জন্য অতিরিক্ত ই-অকশন ১৩.০৯.২০১৯ তারিখ (শুক্রবার) এবং ২৩.০৯.২০১৯ তারিখ (সোমবার) অনুষ্ঠিত হবে। অন্যান্য সকল শিডিউল, নিয়ম ও শর্তাবলী অপরিবর্তিত থাকবে। (Stores-33/2019-20)

## Tender Notice

C.M.O.H Birbhum invites e tender for repair & renovation work of different SC to HWC in birbhum district. For details visit **www.wbhealth.gov.in & www.wbtender.gov.in.**

**CMOH Birbhum**

**Memo No : 369/1(1)Advt/Inf/Bir Dated : 07.09.2019**

### ডেটস রিকভারি ট্রাইব্যুনাল-২, কলকাতার সমীপে

৪২সি, জে.এল. নেহরু রোড, "জীবন সুধা বিল্ডিং", ১০ম তল, কলকাতা-৭০০০৭১

**ও.এ. নম্বর ২০৪ অফ ২০১৭**

**কানাড়া ব্যাঙ্ক .......... আবেদনকারী**

**- বনাম -**

**কৃষ্ণ গোপাল ঘোষ ও অন্য**

**..........বিবাদীগণ**

**প্রতি**

**১. মি. কৃষ্ণ গোপাল ঘোষ,** পিতা স্বর্গতঃ মদন মোহন ঘোষ, গ্রাম-কোজালসা, পোঃ শ্রীগ্রাম, থানা-কেতুগ্রাম, জেলা-বর্ধমান, পিন-৭১৩১২৯।

**২. মি. নিত্য গোপাল ঘোষ,** পিতা স্বর্গতঃ মদন মোহন ঘোষ, গ্রাম-কোজালসা, পোঃ শ্রীগ্রাম, থানা-কেতুগ্রাম, জেলা-বর্ধমান, পিন-৭১৩১২৯।

যেহেতু, ১৩.০৭.২০১৭-এ মহামান্য প্রিসাইডিং অফিসারের সমীপে **ও.এ. নম্বর ২০৪/২০১৭** তালিকাভুক্ত হয়েছিল।

যেহেতু, এই মহামান্য ট্রাইব্যুনাল ১৪,২৯,৯৫৯ **টাকার** ঋণ আদায়ের জন্য আপনার বিরুদ্ধে আইনের ধারা ১৯(৪)-এর অধীনে (ও এ) উক্ত আবেদনের প্রেক্ষিতে সানন্দে শমন/বিজ্ঞপ্তি জারি করছেন।

আইনের ধারা ১৯-এর উপ-ধারা (৪) অনুসারে, আপনাকে, বিবাদীকে নিম্নরূপ নির্দেশ দেওয়া হচ্ছে ঃ

(১) প্রার্থিত আবেদন কেন মঞ্জুর করা হবে না তার প্রেক্ষিতে শমন পরিষেবার তারিখ থেকে ত্রিশ দিনের মধ্যে কারণ দর্শাতে;

(২) আবেদনকারীর দ্বারা উল্লেখিত সম্পত্তিসমূহ এবং সম্পদসমুহ ছাড়া অন্য সম্পত্তিসমূহ বা সম্পদ সমূহের বিবরণ প্রকাশ করতে;

(৩) মূল আবেদনের ক্রমিক নম্বর ৩এ-র অন্তর্গত প্রকাশিত সিকিওরড্ সম্পদসমূহ বা এরূপ অন্য সম্পদসমূহ ও সম্পত্তিসমূহ নিয়ে লেনদেন করা বা অপসারণ করা থেকে আপনাকে বিরত থাকতে হবে, যে সম্পত্তিসমূহ ক্রোক করতে আবেদনের শুনানি ও নিষ্পত্তি বকেয়া রয়েছে;

(৪) ট্রাইব্যুনালের পূর্ব অনুমোদন ব্যতিরেকে সিকিউরিটি ইন্টারেস্ট সৃষ্ট হয়েছে এরূপ কোনও সম্পদসমূহ এবং/বা মূল আবেদনের ক্রমিক নম্বর ৩এ-র অধীনে নির্দেশিত বা প্রকাশিত অন্যান্য সম্পদসমূহ ও সম্পত্তিসমূহ, যা সাধারণ ব্যবসায়িক কার্যাবলী ছাড়া, বিক্রি, লিজ বা অন্য কোনওভাবে হস্তান্তর করতে পারবেন না;

(৫) সাধারণ ব্যবসায়িক কার্যাবলীতে সিকিওরড্ সম্পদসমূহ বা অন্য সম্পদসমূহ ও সম্পত্তিসমূহ বিক্রির দ্বারা আদায় করা বিক্রয়মূল্য এবং এরূপ বিক্রয়লব্ধ অর্থ ব্যাঙ্ক বা আর্থিক প্রতিষ্ঠানে রক্ষিত অ্যাকাউন্টে জমা করতে বাধ্য থাকবেন, যেখানে এরূপ সম্পদসমূহের ওপরে সিকিউরিটি ইন্টারেস্ট কার্যকর হয়েছে।

আপনাকে এই বিষয়ে লিখিত বিবৃতি দাখিল করতে এবং আবেদনকারীকে একটি কপি প্রদান সমেত **০৯.০৯.২০১৯ তারিখে সকাল ১১টায়** রেজিস্ট্রার-এর সমীপে হাজির হতে নির্দেশ দেওয়া হচ্ছে, অন্যথায় আবেদনের শুনানি হবে ও আপনার অনুপস্থিতিতে নির্ধারিত হবে।

অদ্য ২রা সেপ্টেম্বর, ২০১৯ তারিখে নিম্নে আমার স্বাক্ষর ও ট্রাইব্যুনালের সীল প্রদত্ত হল।

**ট্রাইব্যুনালের আদেশানুসারে**
**স্বাঃ রেজিস্ট্রার**
**কলকাতা ডি আর টি - ২**

থাকার কথা নয়। বিক্রমকে হারিয়ে আমরা কী কী তথ্য আর পাব না? যেমন, চাঁদে কম্পনের মাত্রা, তাপ পরিবহণ কেমন, তাপমাত্রার হেরফের, আয়নোস্ফিয়ারের তথ্য। ভারতের অভিযানে নাসা নিজেদের একটি পে-লোড পাঠিয়েছিল। যার নাম লেজার রেট্রোরিফ্লেক্টর। এমনিতে পৃথিবী থেকে চাঁদের দূরত্ব তিন লক্ষ ৮৪ কিলোমিটার ধরা হয়। এই দূরত্বকে সেন্টিমিটারের পর্যায়ে নামিয়ে আনার দায়িত্ব ছিল এর সেন্টিমিটার, এই গতিবেগে। কাজ হত বিভিন্ন মৌলের সন্ধান করা। আর হাইড্রক্সিল আয়ন খুঁজে বের করা, যার মধ্যে জলের অণু লুকিয়ে থাকতে পারে। এটা মনে করা হয়। চাঁদের মেরুতে ওয়াটার আইস হিসেবে মুক্ত জল থাকতে পারে।

অর্থাৎ, বিক্রম-প্রজ্ঞানকে হারিয়ে ফেলার অর্থ, 'ইন-সিটু' অর্থাৎ চন্দ্রপৃষ্ঠের তথ্য আর মিলবে না। কিন্তু আগামী কয়েক মাস বিজ্ঞানীদের ব্যস্ত ল্যান্ডারের পাঠানো তথ্য বিশ্লেষণেই ইঞ্জিনিয়াররা এখন ব্যস্ত থাকবেন। এই বিশ্লেষণের কাজটা খুবই গুরুত্বপূর্ণ। ঠিক কী ভুল হল, তার উত্তর যদি পাওয়া যায়। জবাব পেয়ে গেলেই ইসরো পরবর্তী অভিযানের তোড়জোড় শুরু করে দিতে পারবে। যা হতে পারে চন্দ্রযান ৩।

(লেখক ইসরোর স্পেস অ্যাপ্লিকেশন সেন্টারের অবসরপ্রাপ্ত ডেপুটি ডিরেক্টর)

# সান্ত্বনা প্রধানমন্ত্রীর

▶প্রথম পাতার পর

ইসরোর চেয়ারম্যানের হাসিটা যেন একটু একটু করে চওড়া হচ্ছিল। হাততালি পড়ছিল। এক বার, দু'বার, তিন বার। অতি বড় নিরাসক্ত বিজ্ঞানীরও উচ্ছ্বাস বাড়ছিল কিছুটা। তার পর স্তব্ধতা। ইসরোর মিশন কন্ট্রোল রুমে মুখচাওয়াচাওয়ি। ডিরেক্টরের মুখ ইস্পাতকঠিন। প্রধানমন্ত্রীকে আপাত ভাবে শান্ত দেখালেও কিছুটা বিচলিত তিনিও। প্রায় মিনিট কুড়ি পর শিবন স্খলিত পায়ে এসে মোদীকে কিছু জানালেন। অদ্ভুত! স্নেহশীল অভিভাবকের মতো তাঁর পিঠ চাপড়ে দিয়ে কিছু বললেন যেন প্রধানমন্ত্রী। অতঃপর ইসরোর চেয়ারম্যানের ঘোষণা, 'চাঁদের থেকে ২.১ কিলোমিটার উপরে থাকা অবস্থায় ল্যান্ডার বিক্রমের সঙ্গে যোগাযোগ বিচ্ছিন্ন হয়ে যায়। আমরা তথ্য বিশ্লেষণ করে বোঝার চেষ্টা করছি ঠিক কী হয়েছিল।'

চন্দ্রযান-২ আদৌ ব্যর্থ অভিযান কি না, বলার সময় আসেনি। তবে ফল যা-ই হোক না কেন, মোদী যে ইসরোর বিজ্ঞানীদের পাশেই আছেন, সে বার্তা শুক্রবার রাতেই দিয়েছিলেন। শুক্রবার রাতে বেরিয়ে যাওয়ার সময় মোদী বলেন, 'হাল ছাড়বেন না। জীবনে সাফল্য-ব্যর্থতা থাকেই। আপনারা সকলে যা করেছেন তা মোটেও কম নয়। দেশ, বিজ্ঞান ও সর্বোপরি মানুষের জন্য আপনারা বড় কাজ করেছেন। আপনাদের পাশে আছি। শুভেচ্ছা রইল।' পরে টুইটও করেন তিনি, 'ভারত তার বিজ্ঞানীদের নিয়ে গর্বিত। ওঁরা ওঁদের সেরাটা দিয়েছেন। আমরা আশাবাদী। মহাকাশ নিয়ে আরও কাজ করে যাব।' যদিও বিজ্ঞানীদের থমথমে মুখ তাঁর চোখ এড়ায়নি।

এ দিন সকাল আটটা নাগাদ জাতির উদ্দেশে ভাষণ দেন মোদী। তাতেও বিজ্ঞানীদের পরিশ্রমের ভূয়সী প্রশংসা করতে শোনা গিয়েছে তাঁকে। বলেছেন, 'ইতিহাসে বহুবার এমন মুহূর্ত এসেছে যখন আমাদের উন্নয়নের গতি শ্লথ হয়েছে, কিন্তু কখনও তা আমাদের হার-না-মানা মানসিকতাকে দমাতে পারেনি। আমরা ঘুরে দাঁড়িয়েছি এবং তার পরেই দুর্দান্ত সাফল্য পেয়েছি। আমি গর্ব করে বলতে পারি এই উদ্যোগ গর্ব করার মতো।' এর পরেই তাঁর সংযোজন, 'আপনাদের চোখে হতাশা স্পষ্ট। কিন্তু সকলে আপনাদের পাশে রয়েছেন। আপনারা মাখনের উপর নয়, পাথরের উপর নিজেদের ছাপ ছেড়ে যাবেন।' পরে মুম্বইয়ে মেট্রো রেল প্রকল্পের উদ্বোধনেও একই কথা ফিরে আসে প্রধানমন্ত্রীর মুখে।

বিজ্ঞানীদের অনেকেই রাষ্ট্রনায়কের এহেন সমর্থন পেয়ে আপ্লুত। কিন্তু ইসরোর চেয়ারম্যানের প্রতিক্রিয়া নজর কেড়েছে সকলের। দরিদ্র চাষি পরিবারের এই সন্তানের এক সময় জুতো না-পরে স্কুল গিয়েছেন। এমনকী কলেজ পর্যন্ত প্যান্ট কেনার ক্ষমতাও ছিল না তাঁর। কিন্তু খেদ ছিল না ইস্পাতকঠিন বিজ্ঞানীর। বলতেন, 'অন্তত তিন বেলা ভরপেট খেতে তো পেয়েছি।' সেখান থেকে মাদ্রাজ ইনস্টিটিউট অফ টেকনোলজিতে বি টেক। স্রেফ মেধার জেরে একের পর এক শৃঙ্গজয়।

শিবন নিশ্চিত জানেন টমাস আলফা এডিসনের সেই বিখ্যাত উক্তির কথা, 'আই হ্যাভ নট ফেলড। আই হ্যাভ জাস্ট ফাউন্ড টেন থাউজেন্ড ওয়েজ দ্যাট ওন্ট ওয়ার্ক।' — সংবাদসংস্থা

WEST BENGAL
## ESSENTIAL COMMODITIES SUPPLY CORPORATION LTD.

(A GOVT. OF WEST BENGAL UNDERTAKING)
11-A, Mirza Ghalib Street, Kolkata-700 087

### E-TENDER NOTICE

**No. ECSC/PDS/2019/1709/978** **Date: 07.09.2019**

E-tender notice for supply of KGM Oil & RRB Oil during Puja Festival, 2019 vide no. ECSC/PDS/2019/1709/949 dt.- 09.08.2019 has been cancelled.

Fresh E-tenders are invited by WBECSC Ltd., (a Govt. of West Bengal Undertaking) for supply of **(a) KGM Oil & (b) RRB Oil.**

Prospective bidders may download the e-tender documents along with detailed terms and conditions on and from **07.09.2019 at 5.00 p.m.** from the website **www.wbecscegovernance.com** and **www.wbtenders.gov.in**

Date of closure : **16.09.2019 at 5.00 p.m.**

**Sd/-**
**Managing Director**

## Food Safety and Standards Authority of India

**(A Statutory Regulatory Authority of Govt. of India)**
**Ministry of Health and Family Welfare**
**Office of the Director**
**Central Food Laboratory**
**3, Kyd Street, Kolkata-700 016**
**Phone : 033-2229-1309, Tele-Fax : 033-2249-8897**
**E-Mail : cflcal@gmail.com**

fssai

**No. 6.3/AUCTION STORE/CFL/2019-20/01** **Dated the 8th September, 2019**

### NOTICE INVITING QUOTATION

The Director, Central Food Laboratory (CFL), Kolkata invites quotation from the interested and bonafide buyers/tenderers for purchase of un-serviceable stores/articles like (I) Panel Doors, Door Frame, Wooden-Chair, Table, Rack, Almirah (II) Metal - Chair, Table, Rack, Almirah (III) UPS, CPU, Computer, Monitor, Prineter, Voltage Stablizer (IV) GI/ Iron pipe, Rod, Refrigerator, Air Conditioner, Filter, Typewriter, Fan, Pump (V) Broken and un-serviceable Analytical instruments and Equipment, Equipment Accessories etc.

For detailed information, please visit - **https:/www.fssai.gov.in**

The detailed terms and conditions of quotation/tender is available with the Director's office and on the website. Filled in quotation/tender accepting the stipulated terms & conditions along with requisite **'Earnest Money Deposit' (EMD) Rs. 20,000/- (Twenty Thousand)** may be dropped in the tender box available at the 'Administrative Office' CFL, Kolkata till **17.09.2019 (up to 4.00 P.M). Due date of opening of quotation/tender is 18.09.2019 (at 3.00 P.M).**

Sd/-
**(Amitava Krishna Adhikari)**
**Director**

